দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 25 1999 ...
পৃষ্ঠা 6 কলাম 8

22

## মাওলানা নূরুল ইসলামের বক্তব্য সংসদে শিক্ষামন্ত্রীর মিথ্যা বক্তব্যের পুনরুল্লেখ
### —মাদ্রাসা ছাত্র ফেডারেশন

গত ১৭ আগস্ট জাতীয় প্রেসক্লাবে মাদ্রাসা শিক্ষক সমিতির নামে মাওলানা নূরুল ইসলাম সাহেব সাংবাদিক সম্মেলনে যে বক্তব্য দিয়েছেন তার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়ে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের কো-কনভেনর আঃ ছবুর মাতুব্বর, মুফতি মোঃ ইলিয়াস; আঃ রহমান, এস এম আবু তাহের, মোঃ রেজাউল রেজা, আবু তাহের খান এক বিবৃতিতে প্রধান করেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, উক্ত সাংবাদিক সম্মেলনের মাওঃ নূরুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ বাংলাদেশের কোন মাদ্রাসার শিক্ষক দাবী নিয়ে মাদ্রাসা শিক্ষক সমিতি নামে সাংবাদিক সম্মেলন করেছেন দেশবাসী তা জানতে চায়। সম্মেলনে বক্তব্য ছিল, "দেশে কোন মাদ্রাসা বন্ধ করা হয়নি বরং কতিপয় শিক্ষকের বেতন অনিয়মের কারণে স্থগিত রয়েছে। মাদ্রাসা শিক্ষা বর্তমান সরকার বন্ধ করে দিয়েছে এটা অপপ্রচার।" আমরা উপরোক্ত বক্তাদের উদ্দেশে বলতে চাই, আওয়ামী লীগ একটি কুফরী মতবাদের রাজনৈতিক দল, তাদের ঐতিহ্য হল গোয়েবলসীয় থিওরী অবলম্বনে মিথ্যাকে সত্য বানানোর অপচেষ্টা। সুতরাং আপনাদের এই বক্তব্য দেশবাসী কোন দিন মেনে নিবে না।

নেতৃবৃন্দ তাদের উদ্দেশে প্রশ্ন করেন, আপনারা কি শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব বদিউজ্জামানের ইস্যুকৃত সার্কুলার পড়েছেন? সেখানে স্পষ্ট উল্লেখ রয়েছে "মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিল করা হবে।"